ব্রিটেনে গত ২৪ ঘণ্টায় মৃত্যু ৮৮৭ জনের

বৃটেনে করোনাভাইরাসে আক্রান্ত হয়ে গত ২৪ ঘণ্টায় আরও ৮৮৭ জনের মৃত্যু হয়েছে। বুধবার এ সংখ্যা ছিল ৯৩৮ জন। যুক্তরাজ্যে মোট মৃতের সংখ্যা দাঁড়িয়েছে ৭,৯৮৪ জন।

গত ২৪ ঘণ্টায় ইংল্যান্ডে মারা গেছেন ৭৬৫ জন, স্কটল্যান্ডে ৮১ জন এবং ওয়েলসে ৪১ জন। এই তালিকায় নর্দান আয়ারল্যান্ডের মৃতের তালিকা যুক্ত হয়নি।

এদিকে, আগামী আগস্ট মাসের মধ্যে যুক্তরাজ্যে করোনাভাইরাসে আক্রান্ত হয়ে ৬৬ হাজার ৩১৪ জন মানুষের মৃত্যু হবে বলে মার্কিন গবেষকরা ধারণা করছেন।

মঙ্গলবার যুক্তরাষ্ট্রের ইউনিভার্সিটি অব ওয়াশিংটনের স্কুল অব মেডিসিনের ইনস্টিটিউট অব হেলথ মেট্রিক্স অ্যান্ডইভালুয়েশনের গবেষকরা এক গবেষণাপত্রের মাধ্যমে এ তথ্য জানিয়েছেন। খবর সিএনএন।

তবে যুক্তেরাজ্যের বিজ্ঞানীরা এ ধরনের অনুমান নিয়ে দ্বিমত পোষণ করেছেন।

তারা বলছেন, মহামারি নিয়ন্ত্রণে এরই মধ্যে সরকারের নেয়া পদক্ষেপ প্রাণহানির হাত থেকে রক্ষা করবে দেশটিকে।

লন্ডন ইম্পিরিয়াল কলেজের এক গবেষণা বলছে, লকডাউন ও সামাজিক দূরত্ব বজায় রাখার মতো উদ্যোগের কারণে দেশটিতে করোনায় মৃতের সংখ্যা ২০ থেকে ৩০ হাজারের মতোই সীমাবদ্ধ থাকবে।

হাসপাতালের থাকা ব্রিটিশ প্রধানমন্ত্রী বরিস জনসনের অবস্থার উন্নতি হচ্ছে বলে জানিয়েছেন চ্যান্সলার রাশি সুনাক।

বিডি প্রতিদিন

করোনায় শিশুদের উপসর্গ কিছুটা আলাদা

চীন থেকে পাওয়া তথ্যে দেখা যাচ্ছে, প্রাপ্তবয়স্কদের চেয়ে শিশুদের ক্ষেত্রে কোভিড-১৯ রোগটি কম মারাত্মক। এমনকি প্রাপ্তবয়স্কদের চেয়ে শিশুদের মধ্যে এর উপসর্গও কিছুটা আলাদা। কোভিড-১৯ আক্রান্ত শিশুদের জ্বর, কাশি না–ও হতে পারে।

গত সোমবার যুক্তরাষ্ট্রের সেন্টারস ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন (সিডিসি) এ বিষয়ে এক গবেষণা প্রতিবেদন প্রকাশ করে। ওই গবেষণায় চীন থেকে পাওয়া তথ্য বিশ্লেষণ করা হয়েছে। তবে যুক্তরাষ্ট্রের শিশুদের ক্ষেত্রে কোভিড-১৯ বৈশিষ্ট্য কেমন, তা বিস্তারিতভাবে বর্ণনা করা হয়নি। অল্প কিছু উপাত্ত নিয়ে প্রাথমিকভাবে বিশ্লেষণ করা হয়েছে।

ফেব্রুয়ারির ১২ তারিখ থেকে এপ্রিলের ২ তারিখ পর্যন্ত যুক্তরাষ্ট্রের পরীক্ষাগারে নিশ্চিত হওয়া ১ লাখ ৪৯ হাজার ৭৬০ জন করোনাভাইরাসে আক্রান্ত রোগীর তথ্য বিশ্লেষণ করা হয়েছে। এর মধ্যে ২ হাজার ৫৭২ জনের বয়স ১৮ বছরের নিচে। ১৮ বছরের ওপরে রয়েছে ১ লাখ ৪৭ হাজার ১৮৮ জন।

গবেষণায় দেখা গেছে, শিশু রোগীদের (১৮ বছরের নিচে) ৭৩ শতাংশের জ্বর, কাশি ও শ্বাসকষ্টের লক্ষণ ছিল। অন্যদিকে প্রাপ্তবয়স্ক (১৮ থেকে ৬৪ বছর) রোগীদের ৯৩ শতাংশের এ লক্ষণ ছিল। আক্রান্ত রোগীর ৫ দশমিক ৭ শতাংশ বা ১৪৭টি শিশুকে হাসপাতালে ভর্তি করার প্রয়োজন হয়, যা প্রাপ্তবয়স্কদের তুলনায় কম। এই গবেষণার অন্তর্ভুক্ত শিশু রোগীর তিনটি মারা যায়। হাসপাতালে ভর্তি হওয়া ১৪৭টি শিশুর মধ্যে ১৫টি শিশুকে নিবিড় পরিচর্যা কেন্দ্রে (আইসিইউ) নেওয়ার প্রয়োজন হয়।

এই গবেষণা আগের পাওয়া গবেষণাকেই সমর্থন করে যে কোভিড-১৯–এ আক্রান্ত শিশুদের ঘন ঘন জ্বর বা কাশি না–ও থাকতে পারে। শিশুদের মধ্যে বেশির ভাগ ক্ষেত্রে কোভিড-১৯ গুরুতর নয়। এখনো প্রাপ্তবয়স্কদের মধ্যে কোভিড-১৯–এ আক্রান্ত হয়ে গুরুতর অসুস্থ হয়ে হাসপাতালে যাওয়ার হার বেশি। তবে সামাজিক দূরত্ব ও প্রতিরোধমূলক ব্যবস্থা নেওয়া সব বয়সের জন্য জরুরি। কারণ, কম

গুরুতর অসুস্থ রোগী বা লক্ষণবিহীন আক্রান্তও রোগের সংক্রমণ বিস্তারে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

বিশ্লেষণ করা ২ হাজার ৫৭২টি শিশুর গড় বয়স ১১ বছর। এর মধ্যে ৩২ শতাংশের বয়স ১৫ থেকে ১৭ বছরের মধ্যে। ২৭ শতাংশ শিশুর বয়স ১০ থেকে ১৪ বছর। ১৫ শতাংশ শিশুর বয়স ১ বছরের নিচে। ১১ শতাংশের বয়স ১ থেকে ৪ বছরের মধ্যে এবং ৫ থেকে ৯ বছর বয়সী ১৫ শতাংশ শিশু রয়েছে। ২ হাজার ৫৭২টি শিশুর মধ্যে ২ হাজার ৪৯০টি শিশুর লিঙ্গ পরিচয় জানা যায়। এদের মধ্যে ৫৭ শতাংশই ছেলেশিশু। অন্যদিকে ১৮ বছরের ওপরে করোনাভাইরাসে আক্রান্ত ৫৩ শতাংশ প্রাপ্তবয়স্কই পুরুষ।

চীন থেকে পাওয়া তথ্য বিশ্লেষণ করেও প্রায় একই ধরনের ফলাফল পাওয়া গেছে। চীনে ১৬ বছরের নিচে করোনাভাইরাসে আক্রান্তের ৪১ দশমিক ৫ শতাংশের ক্ষেত্রে জ্বর হয়েছে, ৪৮ দশমিক ৫ শতাংশের কাশি ছিল এবং ১ দশমিক ৮ শতাংশকে আইসিইউতে ভর্তি করা হয়। তবে যুক্তরাষ্ট্রের তথ্য নিয়ে করা গবেষণায় দেখা গেছে, ১৮ বছরের নিচে শিশুদের মধ্যে কোভিড-১৯–এর প্রকোপ কম। তবে এই বয়সের মধ্যে অপেক্ষাকৃত বেশি ঝুঁকিতে একদম ছোট শিশুরা। হাসপাতালে ভর্তি হওয়া ১৪৭টি শিশুর মধ্যে ৫৯টি এবং আইসিইউতে থাকা ১৫টি শিশুর মধ্যে ৫টি একদম ছোট শিশু।

গবেষকেরা বলছেন, যুক্তরাষ্ট্রের ক্ষেত্রে অল্প কিছুসংখ্যক মানুষের ওপর এই বিশ্লেষণ করা হয়েছে। চূড়ান্ত উপসংহারে যেতে আরও গবেষণার প্রয়োজন।

সূত্র-প্রথম আলো

কুষ্টিয়া ২৫০ শয্যা মেডিকেল কলেজ হাসপাতালে বসছে পিসি আর ল্যাব

কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে চালু হতে যাচ্ছে করোনাভাইরাসে আক্রান্ত অথবা সন্দেহ ভাজন রোগীদের শনাক্ত করার পলিমার্স চেইনরি একশান (পিসিআর) ল্যাব।

কুষ্টিয়া ২৫০ শয্যা মেডিকেল কলেজ হাসপাতালের একটি ভবনে এই ল্যাব স্থাপনের কাজ চলছে। এই ল্যাব চালু হলে আইইডিসিআর ও বিভাগীয় শহর গুলোর পাশাপাশি এটা হবে দেশের ১১ তম পিসি আর ল্যাব।

কুষ্টিয়া ২৫০ শয্যা বিশিষ্ঠ মেডিকেল কলেজ হাসপাতালের আবাসিক চিকিৎসক তাপস কুমার সরকার বলেন, ল্যাবের কাজ কালকের মধ্যেই শেষ হবে।

এরপর আইইডিসিআর থেকে কিছু সরঞ্জাম আসলে সেগুলো বসিয়ে এবং ল্যাব টেকনিশিয়ানদের প্রশিক্ষন সম্পন্ন করে আগামী ১০ দিনের মধ্যেই কুষ্টিয়াতে করোনা টেষ্ট সম্ভব হবে।

কুষ্টিয়ার মিরপুরে করোনা ভাইরাস রোগী শনাক্তে ভ্রাম্যমাণ হাসপাতাল

কুষ্টিয়ার মিরপুরে করোনা ভাইরাস শনাক্তে ভ্রাম্যমাণ হাসপাতাল চালু করেছেন উপজেলা পরিষদ চেয়ারম্যান কামারুল আরেফিন।

গতকাল বুধবার সকালে এ কার্যক্রম চালু করেন তিনি। সম্প্রতি দেশ জুড়ে করোনা আতঙ্কে মিরপুরের মানুষ ঘর থেকে বের হচ্ছে না। তাই চিকিৎসা নিতে উপজেলা স্বাস্থ্য কেন্দ্রে যাওয়া তাদের পক্ষে সম্ভব

ও নয়। সাধারণ মানুষকে চিকিৎসা দিতে এবং করোনা ভাইরাসে আক্রান্ত রোগী শনাক্ত করতে এ হাসপাতাল চালু করা হয়েছে। ভ্রাম্যমাণ হাসপাতালের হটলাইন ও চালু করা হয়েছে।

এর মাধ্যমে উপজেলার যেকোনো প্রান্ত থেকে ফোন করে চিকিৎসা সেবা নিতে পারবেন যে কেউ। হট লাইন নাম্বারে ফোন এলে দায়িত্বে থাকা মেডিক্যাল অফিসার সহ চিকিৎসক দল ভ্রাম্যমাণ হাসপাতাল নিয়ে ছুটে যাচ্ছেন রোগীর বাড়ি।

নিজের ব্যক্তি গত একটি গাড়ি ভ্রাম্যমাণ হাসপাতালের চিকিৎসকদের ব্যবহারের জন্য দিয়েছেন চেয়ারম্যান কামারুল আরেফিন। সেই সাথে ওষুধ, ডাক্তারদের পিপিই, চালক এবং সার্বিক খরচও বহন করছেন তিনি।

স্থানীয় উসমান গনি বলেন, ‘ফেসবুকের মাধ্যমে আমরা ভ্রাম্যমাণ হাসপাতাল চালুর কথা জানতে পারি। করোনা সন্দেহভাজন ব্যক্তির বাড়ি গিয়ে নমুনা সংগ্রহ করছে এ হাসপাতালের চিকিৎসকরা। ফোন দেওয়ার আধাঘণ্টার মধ্যেই হাজির হচ্ছেন তারা।’

মেডিক্যাল অফিসার বল্টু হোসেন বলেন, ‘হটলাইনে ফোন পেয়ে আমরা ওয়াবদা কলোনির একটি বাড়ি যাই। সেখানে ঢাকা থেকে আসা এক ব্যক্তির নমুনা সংগ্রহ করেছি। সেটি ঢাকায় পাঠানো হবে। ওই বাড়ির অন্য সদস্যদের হোম কোয়ারেন্টাইনে রাখা হয়েছে।’

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (ভারপ্রাপ্ত) ডা. রাশেদ মাহমুদ রোকনুজ্জামান জানান, এ উপজেলার প্রতিটি মানুষের স্বাস্থ্য সেবা নিশ্চিত করতে এবং করোনা ভাইরাসের নমুনা শনাক্তের জন্য ভ্রাম্যমাণ হাসপাতালটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

মিরপুর উপজেলা পরিষদের চেয়ারম্যান কামারুল আরেফিন বলেন, ‘আমার মিরপুর উপজেলার মানুষ যাতে বাড়িতে বসেই ২৪ ঘণ্টা চিকিৎসা সেবা নিতে পারে- সেজন্য ভ্রাম্যমাণ এ হাসপাতাল চালু করা হয়েছে।’

তিনি আরও বলেন, ‘কুষ্টিয়া-৩ আসনের সংসদ সদস্য মাহাবুব উল আলম হানিফের নির্দেশনায়, উপজেলা পরিষদ এবং উপজেলা প্রশাসনের সহযোগিতায় এ ভ্রাম্যমাণ হাসপাতাল চালু করা হয়েছে। এর মাধ্যমে সাধারণ মানুষ ঘরে বসেই চিকিৎসা সেবা পাবেন।’

ভ্রাম্যমাণ হাসপাতাল উদ্বোধনের সময় উপস্থিত ছিলেন, উপজেলা নির্বাহী কর্মকর্তা লিংকন বিশ্বাস, মিরপুর থানা অফিসার ইনচার্জ

(ওসি) আবুল কালাম, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (ভারপ্রাপ্ত) ডা. রাশেদ মাহমুদ রোকনুজ্জামান, আবাসিক মেডিক্যাল অফিসার ডা. জোবাইয়া ফারজানা, মেডিক্যাল অফিসার ডা. মামুনুর রশীদ প্রমুখ।

মেহেরপুর কাঁচা বাজারে উপচে পড়া ভিড়

করোনা ভাইরাসের কারনে সারা দেশের ন্যায় মেহেরপুরে চলছে লক ডা্উন। তার উপেহ্মাকে কেন্দ্র করে মেহেরপুরে কাঁচা বাজার ক্রেতা- বিক্রতারা মানছেনা লক ডাউন ।

কাঁচা বাজারের লক্ষ করলে দেখা যায় মেহেরপুরে কাঁচা বাজার সকাল হতে না হতে কাঁচা বাজারে বিক্রেতা ও ক্রেতার উপচে পড়া ভীর। দেখা যাই মানুষের সমগোম, তাদের মুখে নেই কোন মাক্স, নেই হাতে হ্যান্ড গ্লাভস দেখা যাইনি নিদিষ্ট কোনো দুরত্ব । গায়ে গা ঠেকিয়ে চলছে বেচা কেনার যরদার ।

এ সময় দেখা গিযেছে রিকশা, পাখি ভ্যান,অটো রিকশা, আলগামন, সহ সকল প্রকার যানবহণ।মানা হচ্ছেনা লক ডাইন চোখে পড়ে জন সাধরনের সমাগম।

কিছু লোকের সাথে কথা বলে যানা যায়, বাজারে বিভিন্ন জাইগা থেকে কৃষকরা সবজি বেচার জন্য আসে, ওই সবজি কেনার
জন্য বাজারে ভিড় করে দোকান দাররা সহ বাইরে খুরচা-পা্কইরি ক্রেতা-বিক্রতা সকালে ভীড় দেখা যায়।

মেহেরপুরে ১০ টাকা কেজি দরে চাল বিক্রয়

করোনা ভাইরাসের কারণে সারাদেশের ন্যায় মেহেরপুর জেলাতে কর্মহীন মানুষের সংখ্যা বৃদ্ধি পাওযায় সরকার টাকা কেজি দরে চাল বিক্রি সিদ্ধান্ত গ্রহণ করেন। সে মতে মেহেরপুর পৌর এলাকার নয়টি পয়েন্টে ৯ জন ডিলারের মাধ্যমে ১০ টাকা কেজি দরে চাল বিক্রি শুরু করেন।

সপ্তাহে তিন দিন অর্থাৎ বৃহস্পতিবার ছিল তৃতীয় দিন। ১০ টাকা কেজি দরে ৫ কেজি চাল ক্রয় করতে মেহেরপুর শহর সহ শহরের আশেপাশের গ্রামের মানুষ রাত দুইটা তিনটা থেকে লাইন দেওয়া শুরু করেন। সকাল হতে হতে লাইনের দীর্ঘতা বৃদ্ধি পায়। ১০ টাকা কেজি দরে চাল কিনতে এতটাই ভিড় জমেছে অনেকে বাধ্য হয়ে রাত দুইটা তিনটার সময় এসে লাইন দিয়ে দাঁড়ায়।

নিয়ম অনুযায়ী তিন ফুট দূরে দাঁড়িয়ে থাকার কথা থাকলেও মেহেরপুর শহরের কোথাও এ নিয়ম মানা হচ্ছে না। মহিলা ও পুরুষদের পৃথক দুটি লাইন থাকার কথা থাকলেও ছোট ছোট শিশুরা এ লাইনে এসে ভিড় জমাচ্ছে। অনেকেই অভিযোগ করেছেন চাউল বিক্রয় কেন্দ্রের আশেপাশে একই বাড়ির স্বামী স্ত্রী সহ তাদের সন্তানদের নিয়ে লাইনে দাঁড় করানো হচ্ছে।

অর্থাৎ একই বাড়ি থেকে ৪-৫ জন মিলে কেজি চাল গ্রহণ করা হচ্ছে। একটু দূর থেকে অর্থাৎ সকালে যারা চাল নিতে লাইন দিচ্ছেন তারা তারা চাল পাচ্ছেন না। এক্ষেত্রে লাইনের দূরত্ব বজায় রাখাসহ কাড প্রথা চালু অথবা একটি পরিবারে যাতে একবার চাল গ্রহণ করতে পারে সে দিকে নজর দেয়ার জন্য অনেকেই আহ্বান জানিয়েছেন।

করোনায় আরো একজনের মৃত্যু,

নতুন শনাক্ত ১১২

বাংলাদেশে গত ২৪ ঘণ্টায় আরও ১১২ জন করোনাভাইরাসে সংক্রমিত রোগী শনাক্ত হয়েছে। এ নিয়ে দেশে করোনাভাইরাসে সংক্রমিত ব্যক্তির সংখ্যা দাঁড়াল ৩৩০।

আজ বৃহস্পতিবার দুপুর আড়াইটায় স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক এ তথ্য জানান।

দেশে করোনাভাইরাসে সংক্রমিত (কোভিড-১৯) প্রথম রোগী শনাক্ত হয় গত ৮ মার্চ। ১৮ মার্চ করোনাভাইরাসে আক্রান্ত হয়ে প্রথম একজনের মৃত্যু হয়। এক মাসের মধ্যে রোগীর সংখ্যা ৩০০ ছাড়িয়ে গেছে।

শুকনো কাশি মানে কি করোনা সংক্রমণ?

বিশ্ব স্বাস্থ্য সংস্থা (হু) বলছে, শুকনো কাশিসহ গলা ব্যথা, শ্বাসকষ্ট, জ্বর, ক্লান্তি এবং শরীরের ব্যথা করোনাভাইরাসের প্রাথমিক লক্ষণ। এছাড়া খুব কম করোনা রোগীরই ডায়রিয়া, বমি এবং নাক দিয়ে পানি পড়ার সমস্যা রয়েছে।

ভাইরাসের লক্ষণগুলো বেশ কয়েক দিনের মধ্যেই দেখা যায় না। প্রাথমিকভাবে মনে হয় ফ্লু হয়েছে। কোনো সংক্রামিত ব্যক্তি যখন বুঝতে পারেন যে তার দেহে করোনার ভাইরাস রয়েছে, ততক্ষণে সম্ভবত আরও কিছু লোককে তিনি সংক্রামিত করে ফেলেছেন। এমন পরিস্থিতিতে সামাজিক দূরত্ব জরুরি হয়ে পড়ে।

করোনা ভাইরাসের কমন উপসর্গ জ্বর এবং শুকনো কাশি।

সাধারণ ফ্লু এবং করোনা ভাইরাস সংক্রমণের মধ্যে পার্থক্য করতে চান তখন বলতে হবে, প্রধান উপসর্গ শুধুই শুকনো কাশি। চিকিৎসকদের মতে, এই সংক্রমণে শুকনো কাশি দেখা দেয়। সাধারণ ফ্লুতে শ্লেষ্মা জড়ানো কাশি থাকে।

শুকনো কাশি কেমন হয়?

১. শুষ্ক কাশি একটানা হতে থাকে। এই জাতীয় কাশি গলায় চুলকানি সৃষ্টি করতে পারে।

২. শ্বাসতন্ত্রের ফোলাভাব বা জ্বালা প্রায়শই শুষ্ক কাশির কারণ হিসাবে বিবেচিত হয়।

৩. ভেজা কাশির পরিবর্তে ফ্লু নিরাময়ের পরে শুকনো কাশি বেশ কয়েক সপ্তাহ ধরে থাকে। ৪. শুকনো কাশি সুস্থ হতে সময় নেয়। কখনও কখনও এটি একটি দীর্ঘ সময়ও লাগে।

ভেজা কাশি-

১. ভেজা কাশিতে শ্লেষ্মা থাকে।

২. নাক এবং গলা থেকে শ্লেষ্মা বেরিয়ে আসতে পারে।মূলত শ্লেষ্মা শরীরের প্রাকৃতিক প্রতিরক্ষামূলক উপাদান।

৩. অনেক ক্ষেত্রে ক্লান্তি, মাথা ব্যথার মতো লক্ষণগুলিতেও ভেজা কাশি দেখা যায়।

তবে শুষ্ক কাশি মানেই করোনা হয়েছে এমন নয়। শুকনো কাশির পাশাপাশি জ্বর, শ্বাসকষ্ট এবং ডায়রিয়ার সমস্যা হয়। এছাড়া আপনি সম্প্রতি যদি কোনও সংক্রামিত ব্যক্তির সংস্পর্শে আসেন, বিদেশ সফর করেন তাহলে অবশ্যই চিকিৎসকের সঙ্গে যোগাযোগ করুন।

তথ্যসূত্র: এনডিটিভি

কুষ্টিয়ায় ফুডপান্ডাকে জরিমানা

কুষ্টিয়ায় ই-কমার্স প্রতিষ্ঠান ফুডপান্ডাকে জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত। গতকাল বুধবার রাতে শহরের ছয় রাস্তা মোড়ে একটি ভ্রাম্যমান মিনি চাইনিজে এ অভিযান চালানো হয়।

অভিযানে নেতৃত্ব দেন কুষ্টিয়া জেলা প্রশাসকের কার্যালয়ের

নির্বাহী ম্যাজিস্ট্রেট আহমেদ সাদাত।

তিনি জানান, সরকারি আদেশ অমান্য করে শহরের ছয় রাস্তা মোড়ে একটি ভ্রাম্যমাণ মিনি চাইনিজ খোলা রেখে খাবার তৈরি ও ফুডপাণ্ডার মাধ্যমে সরবরাহ করছে এমন গোপন সংবাদ পেয়ে অভিযান চালানো হয়।

অভিযানে গিয়ে আমরা দেখতে পায়, সেখানে অস্বাস্থ্যকর পরিবেশে খাবার প্রস্তুত করা হচ্ছিলো। রং কেমিক্যাল, পোড়া তেল দিয়ে খাদ্য সামগ্রী তৈরী করছিলো। এবং সেগুলো কুষ্টিয়া শহরের বিভিন্নস্থানে সরবরাহ করার কথা ছিলো।

পরে এসব অপরাধ স্বীকার করায় ভোক্তা অধিকার সংরক্ষণ আইনে ফুডপান্ডা প্রতিষ্ঠানের একজনকে ৫ হাজার টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

এসময় আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে সনো ল্যাবের বিরুদ্ধে ভুল রিপোর্টের অভিযোগ

মেহেরপুরের গাংনীর কাঞ্চন মালা (২২) নামের এক রোগীর রক্তের ভুল রিপোর্ট দেওয়ার অভিযোগ উঠেছে সনোল্যাবের বিরুদ্ধে। তবে সনোল্যাব কর্তৃপক্ষের দাবি প্রিন্ট মিসটেকের কারণে এই ভুল হয়েছে। প্রতিষ্ঠানের রেজিষ্টারে সঠিক রিপোর্ট উঠানো হয়েছে।

কাঞ্চন মালা গাংনী উপজেলার কাথুলী ইউনিয়নের রামকৃষ্ণপুরের রানার স্ত্রী।

রোগীর পরিবারের লোকজন জানান, গত ১২ মার্চ মেহেরপুর শহরের হাসপাতাল এলাকার সনোল্যাবে কাঞ্চন মালার রক্তের গ্রুপ নির্নয় করা হয়। সেখানে নিলিম চদ্র দাস নামের এক মেডিকেল টেকনোলজির স্বাক্ষরিত রক্তের গ্রুপ বি পজেটিভ বলে রিপোর্ট প্রদান করে।

বুধবার রানার স্ত্রী কাঞ্চন মালার সিজারিয়ান অপারেশনের জন্য মেহেরপুর এ্যাপোলো ক্লিনিকে ভর্তি করা হয়। অপারেশনের জন্য সেখানে রক্ত সংগ্রহ করতে বলেন তারা। কাথুলি ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি মজিবুল হক এর রক্তের সাথে মিল থাকায় আগে থেকে রক্ত একটি ব্যাগে রাখা হয়।

পরে কাঞ্চন মালা ও আমার রক্তের গ্রুপ ও ক্রস ম্যাসিং করতে গেলে রক্তের গ্রুপ নিয়ে বিভ্রান্তি তৈরি হয়। এর পরপরই রাবেয়া মেডিকেল সার্ভিসেস ও প্রাইম ল্যাবে কাঞ্চনমালার রক্ত পরীক্ষা করা হয়। সেখানে তার রক্ত এবি পজেটিভ বলে রিপোর্ট প্রদান করা হয়।

এ বিষয়ে সনোল্যাব সত্তাধীকারী জেপি আগরওয়ালা বলেন, এটা টাইপ মিসটেক হয়েছে। আমাদের রেজিস্ট্রার খাতায় সঠিক লেখা ছিল। আমাদের ওই টেকিনিশিয়ানকে সতর্ক করে দেওয়া হয়েছে।